

## 'বেনীআসহকলা'-য় সোনা রোদুর

### কাইউম পারভেজ

গত ক'দিনের কালো মেঘ কেটে  
আজ সকালের সোনা রোদুর কি বললো -  
শুভ সকাল? শুভ নববর্ষ?  
আমি কি তবে দুর্বা ডগা, বনানীর সবুজ,  
নীলিমার নীল - প্রিয়ার লাল টিপে মেখে  
হৃদয়ে ঐঁকেছি 'বেনীআসহকলা'-য়  
জ্বলজ্বলে রঙধনু?  
হয়তো বা তাই।  
এমন দীপ্ত সকাল তো আসে  
কালো মেঘেরই পর।  
আমি বদলে যাই। বদলে যায় আমার সময়।  
আমার স্থান-কাল-পাত্র।  
নিজেকেই নিজে বলি - শুভ সকাল।  
শুভ নববর্ষ।  
আমি বদলে যাই। বদলে যায় আমার সময়।  
আমার চতুর্পার্শ্বে নেই কোন সন্ত্রাসী।  
ঘিরে রেখেছে আমায় বকুল শিমুল  
পলাশ অশ্বথেরা।  
না - কোন চাঁদাবাজ নেই।  
নেই কোন ভূয়া রাজনীতিবিদ।  
কোন অজ্ঞানপার্টি আমাকে সজ্ঞানে  
আটকে রাখতে পারেনি আজ সকালের সোনা  
রোদুরে। দোয়েল কোয়েল শালিক চডুই  
আমায় রেখেছে ঘিরে।

কোন জঙ্গী আমায় আঘাত করতে  
পারবে না আর -  
সোনা রোদুর গায়ে মেখে আমি  
আজ তপ্ত উনুন।  
হৃদয়ে রঙধনু,  
হাতে রঞ্জিম গোলাপ।  
কণ্ঠে নববর্ষের গান।  
কে ছিনিয়ে নেবে আমার স্বপ্ন -  
আমার শুভ সকাল? নববর্ষের গান?  
কালো মেঘ কেটে যাচ্ছে -  
কেটে যাবে  
'বেনীআসহকলা'-য় হাসবে  
প্রিয় জন্মভূমি  
হাসবো আমি - তুই তোরা  
আপনি তুমি।  
সোনা রোদুরে বলবো সবাই -  
প্রিয় জননী  
শুভ সকাল! শুভ নববর্ষ!!  
বদনখানি মলিন হলে  
মলিন হয় যে স্পর্শ।  
শুভ নববর্ষ।